# বায়রার নির্বাচনের ওপর স্থিতাবস্থার মেয়াদ বাড়ল

- A Monitor Desk Report Date: 19 November, 2024

**ঢাকাঃ বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সির (বায়রা) নির্বাচনী কার্যক্রমের ওপর স্থিতাবস্থার মেয়াদ আগামী ২৮ নভেম্বর পর্যন্ত বাড়িয়েছেন আপিল বিভাগ।**

একইসঙ্গে বায়রার নির্বাচন নিয়ে জারি করা রুল হাইকোর্ট বিভাগকে এক সপ্তাহের মধ্যে নিষ্পত্তির নির্দেশ দিয়েছেন আদালত।

মঙ্গলবার (১৯ নভেম্বর) আপিল বিভাগের জ্যেষ্ঠ বিচারপতি মো. আশফাকুল ইসলামের নেতৃত্বে তিন বিচারপতির বেঞ্চ এ আদেশ দেন।

এর আগে গত ১১ নভেম্বর বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সির (বায়রা) নির্বাচনী কার্যক্রমের ওপর ১৮ নভেম্বর পর্যন্ত স্থিতাবস্থা জারি করেন আপিল বিভাগ।

গত ৫ নভেম্বর বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সির (বায়রা) নির্বাচনী তফসিল স্থগিত করেন হাইকোর্ট।

সংস্থাটির সদস্য খন্দকার আবু আশফাকের দায়ের করা এক রিট পিটিশনের প্রাথমিক শুনানি শেষে মঙ্গলবার বিচারপতি বিচারপতি ফাহমিদা কাদের চৌধুরী এবং বিচারপতি মুবিনা আসাফের হাইকোর্ট বেঞ্চ এ আদেশ দেন।

সেদিন অ্যাডভোকেট মোহাম্মদ সিদ্দিক উল্লাহ মিয়া আদেশের বিষয়টি নিশ্চিত করে বলেন, বায়রা বাণিজ্য মন্ত্রণালয়ের অধীন বাণিজ্য সংগঠন বিধিমালা ১৯৯৪ কর্তৃক নিয়ন্ত্রিত এবং পরিচালিত উক্ত বিধিমালার বিধি ১৪ তে স্পষ্ট উল্লেখ আছে যে ‘প্রত্যেক বাণিজ্য সংগঠনের বিদ্যমান কার্যনির্বাহী কমিটি পরবর্তী কার্যনির্বাহী কমিটির ক্ষেত্র মতে সংশ্লিষ্ট সদস্য পদের নির্বাচনের অন্তত ৯০ দিন পূর্বে নির্বাচনী বোর্ড ও ৩ সদস্য বিশিষ্ট একটি নির্বাচনে আপিল ভোট গঠন করিবে’। কিন্তু বর্তমান বায়রার যে আংশিক কমিটি রয়েছে এই তফসিল ঘোষণা করেছে ৯০ দিনের পূর্বে। ১০ ডিসেম্বর নির্বাচনের তারিখ ঘোষণা করা হয়েছে। গত ২৪ অক্টোবর তফসিল ঘোষণা করা হয়েছে। তাছাড়া ইতিমধ্যে নয়জন কার্যনির্বাহী কমিটির সদস্য পদত্যাগ করেছেন। প্রধান নির্বাচন কমিশনার আওয়ামী সরকারের দোসর হিসেবে পরিচিত তিনি পালিয়ে গেছেন।

বর্তমান সভাপতি বিদেশে পালিয়ে আছেন।

এমতাবস্থায় নির্বাচনী তফসিলটি ঘোষণা করা সম্পূর্ণ অবৈধ তাই হাইকোর্ট পুঙ্খানুপুঙ্খানুভাবে উভয়পক্ষকে শুনে তাই তফসিল স্থগিত করেছেন। এই আদেশের ফলে বায়রা  নির্বাচন স্থগিত থাকবে। সিদ্দিক উল্লাহ মিয়া আরো বলেন, যেহেতু আইনের প্রশাসক নিয়োগের বিধান রয়েছে। বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃপক্ষ দ্রুত প্রশাসক নিয়োগ দিয়ে সঠিকভাবে একটি নির্বাচনী ব্যবস্থা গ্রহণ করবে এটাই আশা করি।

-B